**তারিখ:** 27/01/2017

**আর বি আই উত্তর প্রদেশ স্থিত দ্য হারদোই আরবান কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড -এর প্রতি জারি করা বিশেষ নিয়ন্ত্রণবিধির মেয়াদ বৃদ্ধি করল**

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক, দ্য হারদোই আরবান কো-অপারেটিভ লিমিটেড, হারদোই-এর প্রতি জারি করা বিশেষ নিয়ন্ত্রণবিধির মেয়াদ পর্যালোচনার সাপেক্ষে, জানুয়ারি 30, 2017 থেকে জুলাই 29, 2017 পর্যন্ত আরও ছয় মাসের জন্য বৃদ্ধি করল। উক্ত ব্যাঙ্কটিকে জুলাই 29, 2016 থেকে ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট, 1949 (এএসিএস)-এর ধারা 35A –র অধীনে জারি করা বিশেষ নিয়ন্ত্রণবিধির অধীনে আনা হয়েছিল। যেটির মেয়াদ জানুয়ারি 23, 2017 তারিখাঙ্কিত আদেশবিধির মাধ্যমে জুলাই 29, 2017 অবধি বৃদ্ধি করা হয়েছে। জানুয়ারি 23, 2017 তারিখাঙ্কিত উক্ত আদেশবিধির প্রতিলিপি সাধারণ জনগণের অবগতির জন্য ব্যাঙ্ক চত্বরে প্রদর্শিত আছে।

রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃক উক্ত আদেশবিধির এই পরিমার্জন থেকে স্বতই এই অর্থ নির্ধারণ সমীচীন নয় যে ব্যাঙ্কটির আর্থিক অবস্থার উন্নতি অথবা অবনতি হয়েছে। রিজার্ভ ব্যাঙ্ক উদ্ভূত পরিস্থিতির উপর নির্ভর করে উক্ত আদেশবিধির পরিমার্জন বিবেচনা করতে পারে।

**অনিরুধা ডি. যাদব**
সহায়ক প্রবন্ধক

**প্রেস প্রকাশনি : 2016-2017/2020**